# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা প্রথম পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১ ০ ১

সময় — ২ ঘন্টা ১০ মিনিট

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনেযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

**১.▶** নবম শ্রেণির ছাত্র ইমরান বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তার জীবনযাত্রার উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র দেখছিল। এর প্রথম অংশে এক জনগোষ্ঠীর পরিচয় দেওয়া হলো, তারা পার্বত্য অঞ্চলে বাস করে। মারমা এই উপজাতির প্রধান জীবিকা হলো জুম চাষ। পুরুষেরা মাথায় গমবং, গায়ে জামা, লুঙ্গি এবং মেয়েরা ব্লাউজ ও থামি পরে। মেয়েরা কাপড় বোনায় খুবই দক্ষ। বর্ষবরণ উপলক্ষে সাংগ্রাই উৎসব উদ্‌যাপন করে।

ক. ‘পালামৌ’ কী ধরনের রচনা? ১

খ. কোল যুবতীরা কীভাবে নৃত্য পরিবেশন করে? ২

গ. উদ্দীপকে ‘পালামৌ’ গল্পের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে কোল জাতির খুবই বৈসাদৃশ্য— উক্তিটি ‘পালামৌ’ গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

**২.▶** মহাসমুদ্রের শত বৎসরের কল্লোল কেহ যদি এমন করিয়া বাঁধিয়া রাখিতে পারিত যে, সে ঘুমাইয়া পড়া শিশুটির মতো চুপ করিয়া থাকিত, তবে সেই নীরব মহাশব্দের সহিত এই লাইব্রেরির তুলনা হইত। এখানে ভাষা চুপ করিয়া আছে, প্রবাহ স্থির হইয়া আছে, মানবাত্মার অমর আলোক কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কারাগারে বাঁধা পড়িয়া আছে। ইহারা সহসা যদি বিদ্রোহী হইয়া উঠে, নিস্তব্ধতা ভাঙিয়া ফেলে, অক্ষরের বেড়া দগ্ধ করিয়া একবারে বাহির হইয়া আসে। হিমালয়ের মাথার উপরে কঠিন বরফের মধ্যে যেমন কত কত বন্যা বাঁধা আছে, তেমনি এই লাইব্রেরির মধ্যে মানবহৃদয়ের বন্যাকে বাঁধিয়া রাখিয়াছে।

ক. সাহিত্যচর্চার জন্য কী প্রয়োজন? ১

খ. প্রাবন্ধিক লাইব্রেরিকে হাসপাতালের সঙ্গে তুলনা করেছেন কেন? ২

গ. উদ্দীপকে ‘বইপড়া’ প্রবন্ধের কোন দিকটির প্রতিফলন ঘটেছে? বর্ণনা কর। ৩

ঘ. “উদ্দীপকটি ‘বইপড়া’ প্রবন্ধের খণ্ডাংশ মাত্র, পূর্ণ রূপ নয়।” মন্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৩.▶ আত্মোন্নতির জন্য পরিশ্রম এবং উদ্যম অপরিহার্য। সততার ভেতর দিয়ে যেমন সত্তার মহিমা উদ্ভাসিত হয়, কাজের মাধ্যমেও তেমনি সমাজে স্বনির্ভর মানুষের অফুরন্ত শক্তির প্রকাশ ঘটে। দুঃখ হয় তখন, যখন দেখি, উদীয়মান যুবকের মধ্যে সম্ভাবনাময় শক্তি থাকা সত্ত্বেও তারা পরানুগ্রহের মোহে দুয়ারে দুয়ারে চাকরির জন্য মাথা কুটে মরছে।

ক. শরীরে পুষ্টি হয় কীভাবে? ১
খ. ভারতবর্ষ ও বাঙালিকে রোকেয়া কীভাবে তুলনা করেছেন? ২
গ. উদ্দীপকের সাথে 'নিরীহ বাঙালি' প্রবন্ধের বৈসাদৃশ্যগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'নিরীহ বাঙালি' প্রবন্ধের মূল সুর এক ও অভিন্ন।' — মূল্যায়ন কর। ৪

## খ অংশ — পদ্য

৪.▶ সেকালে ইহুদি বংশে একজন ধবল রোগী ছিলেন। আল্লাহর নিকট থেকে পরীক্ষার জন্য ধবল রোগীর নিকট ফেরেস্তা আসলেন। তিনি রোগীকে বললেন, 'তুমি কী সবচেয়ে ভালোবাস?' তিনি বললেন, 'আমার গায়ের রং যদি ভালো হতো তাহলে সকলে আর আমাকে ঘৃণা করত না।' ফেরেস্তা রোগীর গায়ে হাত বুলিয়ে দিলে তিনি সুস্থ হয়ে গেলেন।

ক. 'সেঁউতি' শব্দের অর্থ কী? ১
খ. 'এত মেয়ে নয়'— এ কথাটি কেন বলা হয়েছে? ২
গ. স্রষ্টার কাছে চাওয়ার ক্ষেত্রে ধবল রোগীর ও 'আমার সন্তান' কবিতার পাটুনীর পার্থক্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকটি 'আমার সন্তান' কবিতার মূলভাবকে প্রকাশ করে না। মন্তব্যটি বিচার কর। ৪

৫.▶ কুসুমপুর গ্রামের জামে মসজিদে সেদিন মিলাদ মাহফিল হয়। মিলাদ শেষে সবার মাঝেই বিরানির প্যাকেট বিতরণ করা হলো। দেখা যায় দুটি প্যাকেট রয়ে গেছে। এমতাবস্থায় ক্ষুধায় কাতর জীর্ণশীর্ণ এক মুসাফির সেখানে আসে এবং অনেক দিন ধরে অনাহারে রয়েছে বলে জানায়। মুসাফিরের কথা শেষ না হতেই মৌলবি সাহেব দুটো প্যাকেট এনে মুসাফিরের হাতে দিয়ে বলল, খাও বাবা, পেট ভরে খাও।

http://teachingbd.com

ক. 'মানুষ' কবিতায় মোল্লা কী নিয়ে মসজিদে তালা দিল? ১

খ. "সব দ্বার এর খোলা রবে, চালা হাতুড়ি শাবল চালা' লাইনটি দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকের সাথে 'মানুষ' কবিতার অমিল কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মৌলবি সাহেব যেন 'মানুষ' কবিতার মোল্লা সাহেবের বিপরীতে অবস্থান করছেন।' কথাটি মূল্যায়ন কর। ৪

**৬.▶** বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় তাঁর কথাসাহিত্যে প্রকৃতিকে একটি জীবন্ত চরিত্র হিসেবে সৃষ্টি করেছেন। বিশেষ করে 'পথের পাঁচালী' ও 'আরণ্যক' উপন্যাসে প্রকৃতি চিরকালের নবীনরূপে আবির্ভূত হয়েছে। অপু দুর্গা এবং আরও অনেকে, সেই চিরকালের প্রকৃতির সন্তান। এরা যায় আসে— থাকে না। কিন্তু প্রকৃতি চিরকালই নানারূপে-রসে-গন্ধে-বর্ণে বিরাজমান থাকে।

ক. কী ছাই হয়ে গেছে? ১

খ. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের প্রকৃতি জানার সঙ্গে 'সেইদিন এই মাঠ' কবিতার সাদৃশ্যপূর্ণ দিক ব্যাখ্যা কর। ৩

ঘ. কবিতায় উল্লিখিত সভ্যতার বিবর্তনের সঙ্গে, প্রকৃতির সম্পর্ক উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## গ অংশ — সহপাঠ

**৭.▶** জমিদার মফিজ খাঁ-র নাম শুনলে প্রজারা ভয়ে কাঁপতে থাকে। তার হুকুমের অবাধ্য হলে সে প্রজার আর রক্ষা নেই। ইদানীং তার চেলা হিসেবে কাজ করছে হাসেম ব্যাপারী। সারাক্ষণ তাকে কুপরামর্শ দেয় আর নানা অজুহাতে প্রজাদের হালের বলদ, ঘরের টিন, পুকুরের মাছ ধরে নিয়ে আসে। কেউ প্রতিবাদ করলে তাকে গ্রামছাড়া করে। গ্রামের সালিশ-বিচার সবই হাসেম ব্যাপারীর ইঙ্গিতে চলে। তাই সাধারণ মানুষ কানাঘুষা করে হাসেম ব্যাপারী যেন জমিদারের জমিদার।

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে ছিল? ১

খ. যে মানুষের দৃষ্টিতে ভাষা নেই, বুধার মতে সে মানুষ কেন মানুষ নয়? ২

গ. উদ্দীপকের হাসেম ব্যাপারীর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বর্ণিত আহাদ মুন্সি চরিত্রের সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com

ঘ. উদ্দীপকে বর্ণিত দিকটিই 'কাকতাড়ুয়া' উপন্যাসের একমাত্র দিক নয়'— যুক্তিসহ বুঝিয়ে লেখ। ৪

৮.▶ "ঐ যে, মুক্তিফৌজের গেরিলা তৎপরতার কথা বলল— ঢাকার দু'জায়গায় গ্রেনেড ফেটেছে, আমরা তো সাত-আটদিন আগে এ রকম বোমা ফাটার কথা শুনেছিলাম। কিন্তু ঠিক বিশ্বাস করিনি। ব্যাপারটা তাহলে সত্যি। আমার সারা গায়ে কাঁটা দিয়ে উঠল। ব্যাপারটা তাহলে সত্যি, সত্যি সত্যি তাহলে ঢাকার আনাচে কানাচে মুক্তিফৌজের গেরিলারা প্রতিঘাতের ছোট ছোট স্ফুলিঙ্গ জ্বালাতে শুরু করেছে? এতদিন জানছিলাম বর্ডার ঘেঁষা অঞ্চলগুলোতেই গেরিলা তৎপরতা। এখন তাহলে খোদ ঢাকাতেও?"

ক. 'ওইটুকু তেলের দাম শোধ দিতে হবে না' কে বলেছিল? ১

খ. হাসতে হাসতে তিনজন রাজাকার চলে গেলে— বুধার চোখ জ্বলে ওঠে কেন? ২

গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটির ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. শাহাবুদ্দিন, বুধাদের মতো সারা দেশে মুক্তিফৌজের গেরিলাদের প্রতিঘাতের ছোট ছোট স্ফুলিঙ্গ আমাদের স্বাধীনতাকে অতিমাত্রায় ত্বরান্বিত করেছিল— মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯.▶ সুমির বাবা দিনমজুর। যৌতুকের টাকার অভাবে সুমির বাবা বৃদ্ধ মোড়লের সাথে তার বিয়ে ঠিক করে। সুমি রাজি না হয়ে কাজের সন্ধানে বেরিয়ে পড়তে গেলে সবাই মিলে তাকে ধরে জোর করে বিয়ে দিতে চায়। তখন রাহুল এসে তীব্র প্রতিবাদ করে এ বিয়ে ঠেকায়। শেষে বিনা যৌতুকে রাহুল তাকে বিয়ে করার সিদ্ধান্ত নেয়।

ক. নৌকার সঙ্গে কীসের ধাক্কা লেগেছিল? ১

খ. "এমন মেয়েও কারো পেটে জন্মায় জানতাম না"— কথাটি বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের সুমি চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ— তা তুলে ধর। ৩

ঘ. প্রতিবাদের প্রতীক চরিত্র হিসেবে উদ্দীপকের রাহুল এবং 'বহিপীর' নাটকের হাসেম আলি অভিন্ন— মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা **প্রথম** পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **'পৈতৃক' শব্দটি কোন প্রত্যয়যোগে গঠিত হয়েছে?**
ⓚ ইক ⓛ অক
ⓖ অন ⓘ অনট

২. **'কেনাবেচার দরদামের কথা আমি বুঝি না'— এখানে কেনাবেচা বলতে কী বোঝানো হয়েছে?**
ⓚ অর্থের বিনিময়ে কনে কিনে নেওয়া
ⓛ যৌতুকের অর্থ নিয়ে কথা কাটাকাটি
ⓖ কনের বিয়ের সামগ্রী কেনার ক্ষেত্রে দরদাম করা
ⓘ নির্ধারিত যৌতুকের পরিমাণ বাড়িয়ে দেওয়া

৩. **যথার্থ গুরুর কাজ কী?**
ⓚ শিক্ষার্থীকে পড়ালেখার প্রতি আগ্রহী করা
ⓛ শিষ্যের আত্মাকে উদ্বোধিত করা
ⓖ শিষ্যকে উপযুক্ত মানুষরূপে গড়ে তোলা
ⓘ শিষ্যকে নোট করে দেওয়া

৪. **'বইপড়া' প্রবন্ধের মূল উপজীব্য কী?**
ⓚ দেশের ভুল শিক্ষাপদ্ধতি ব্যাখ্যা করা
ⓛ সাহিত্যচর্চার প্রতি গুরুত্বারোপ
ⓖ জনগণকে বই কেনার প্রতি উদ্বুদ্ধ করা
ⓘ ঘরে ঘরে লাইব্রেরি গড়ে তোলা

৫. **'অভাগীর স্বর্গ' গল্পে লেখকের মূল বক্তব্য ফুটিয়ে তোলা হয়েছে—**
i. শবযাত্রার মধ্যে পার্থক্য দেখিয়ে
ii. ঠাকুরদাসের কান্নাকাটি দেখিয়ে
iii. জমিদারের ব্যবহার দেখিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii
ⓖ i ও ii ⓘ ii ও iii

৬. **সর্বজয়া বাড়ি ছেড়ে চলে যেতে চান কেন?**
ⓚ অপুর জামাইন
ⓛ দুর্গার দুষ্টুমিতে
ⓖ দারিদ্র্যের কশাঘাতে
ⓘ পাওনাদারদের অত্যাচারে

৭. **হযরত মুহম্মদ (স.) মক্কা ছেড়ে মদিনায় গেলেন কেন?**
ⓚ মদিনাবাসীর আমন্ত্রণে
ⓛ ধর্ম প্রচারের উদ্দেশ্যে
ⓖ শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে
ⓘ মক্কাবাসীর নির্যাতনে

৮. **হযরত মুহম্মদ (স.)—এর প্রতি নিষ্ঠুর ও জঘন্যতম আচরণ করেছে—**
ⓚ মক্কার কোরাইশগণ
ⓛ তায়েফের বিধর্মীগণ
ⓖ মদিনার ইহুদিগণ
ⓘ আরবের পৌত্তলিকগণ

৯. **কবি নিমগাছের দিকে মুগ্ধ দৃষ্টিতে তাকিয়ে রইলেন কেন?**
ⓚ এর ওষধি গুণের জন্য ⓛ এর সৌন্দর্যের জন্য
ⓖ বৃক্ষপ্রেমের জন্য ⓘ কোনো কারণ ছাড়াই

১০. **দেশের দুর্দশা ও জাতির দুর্গতির কথা বুঝতে পারে কারা?**
ⓚ শ্রমিক সম্প্রদায় ⓛ অভিজাত সম্প্রদায়
ⓖ অন্ত্যজ সম্প্রদায় ⓘ চাঁড়াল সম্প্রদায়

১১. **'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে নিচের থেকে ঠেলা বলতে কী বোঝায়?**
ⓚ লোভের ফাঁদে পা না দেওয়া
ⓛ সুশিক্ষার ব্যবস্থা করা
ⓖ সুশৃঙ্খল সমাজব্যবস্থা নিশ্চিত করা
ⓘ মনুষ্যত্ব অর্জনের পথ প্রশস্ত করা

১২. **মমতাদি কীভাবে আনমনা ও গম্ভীর হয়ে গেল?**
ⓚ গালে হাত ঘষতে ঘষতে
ⓛ হাসতে আরম্ভ করে
ⓖ ভাতের হাঁড়ির বুদবুদ দেখে
ⓘ নিচের ঠোঁট দাঁতে কামড়ে

১৩. **'তুমি এবার বাড়ি যাও ভাই। তোমার খিদে পেয়েছে।' মমতাদির এই উক্তিতে প্রকাশ পায়—**
ⓚ সে খাবার খাওয়াতে চায়নি
ⓛ তার ঘরে খাবার ছিল না
ⓖ সে ঝামেলা দূর করতে চেয়েছে
ⓘ সে খুব বিরক্তিবোধ করছিল

১৪. **মার্কসবাদ এবং ফ্রয়েডীয় মনোবিশ্লেষণ তত্ত্বেরও প্রতিফলন হয়েছে কোন ঔপন্যাসিকের উপন্যাসে?**
ⓚ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
ⓛ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ⓖ মানিক বন্দ্যোপাধ্যায়
ⓘ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়

১৫. **হালখাতা ও মিঠাই বিতরণ কোন অনুষ্ঠানের গুরুত্বপূর্ণ অংশ?**
ⓚ ঈদ ⓛ মহররম
ⓖ নববর্ষ ⓘ রাখিবন্ধন

১৬. **সাম্রাজ্যবাদ অর্থ কী?**
ⓚ সমাজনীতি
ⓛ রাজার নীতি
ⓖ পররাজ্যের ওপর কর্তৃত্ব
ⓘ রাজনৈতিক কূটকৌশল

১৭. **জাহানারা ইমামের কোন গ্রন্থ সর্বত্র সমাদৃত?**
ⓚ গজকচ্ছপ
ⓛ প্রবাসের দিনগুলি
ⓖ একাত্তরের দিনগুলি
ⓘ সাতটি তারার ঝিকিমিকি

১৮. **বৈষ্ণব কবিতার ভাববৈচিত্র্যের সাথে সাদৃশ্য রয়েছে—**
ⓚ গীতিকবিতার
ⓛ মহাকাব্যের
ⓖ ঐতিহাসিক কাব্যের
ⓘ কাহিনি কাব্যের

Teachingbd.com

১৯. বাংলা শব্দের সঠিক বিবর্তন কোনটি?
ক সংস্কৃত > প্রাকৃত > বাংলা
খ প্রাকৃত > সংস্কৃত > বাংলা
গ সংস্কৃত > বাংলা > প্রাকৃত
ঘ বাংলা > প্রাকৃত

২০. কত রকম শব্দ মিলে গড়ে উঠেছে বাংলা ভাষার শরীর?
ক দুই রকম খ তিন রকম
গ পাঁচ রকম ঘ সাত রকম

২১. বাংলা ভাষার শতকরা কতটি শব্দ মৌলিক শব্দ?
ক ৫২ খ ৪৪
গ ৯৬ ঘ ৯৮

২২. মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কোনটি?
ক বীরাঙ্গনা কাব্য খ শর্মিষ্ঠা নাটক
গ মেঘনাদবধ কাব্য ঘ ব্রজাঙ্গনা কাব্য

২৩. সনেটের বৈশিষ্ট্য কী?
ক আট চরণ, চৌদ্দ মাত্রা খ চৌদ্দ চরণ, চৌদ্দ মাত্রা
গ আট চরণ, আট মাত্রা ঘ ছয় চরণ, ছয় মাত্রা

২৪. 'আয়ু যেন শৈবালের নীর।' এ পঙ্ক্তিতে প্রকাশ পায়—
ক জীবনের ক্ষণস্থায়িত্ব খ জীবনের স্থায়িত্ব
গ জীবনের দুর্বলতা ঘ জীবনের অটলতা

২৫. 'তা যদি না পারি, তবে বাঁচি যতকাল তোমাদেরি মাঝখানে লভি যেন ঠাঁই' পঙ্ক্তিতে প্রকাশ পেয়েছে—
ক মানবের মাঝে বাঁচার তীব্র আকাঙ্ক্ষা
খ খ্যাতি লাভের তীব্র কামনা
গ মানুষের প্রতি ভালোবাসা
ঘ পৃথিবীর প্রতি ভালোবাসা

২৬. 'বিরহ মিলন কত হাসি— অশ্রুময়।' এখানে 'বিরহ মিলন' হলো—
ক সমার্থক শব্দ খ প্রতিশব্দ
গ বিপরীতার্থক শব্দ ঘ সন্ধিগঠিত শব্দ

২৭. 'প্রাণ' কবিতায় কবি কীসের কুসুম ফোটাতে চান?
ক গানের খ কবিতার
গ গল্পের ঘ ভালোবাসার

২৮. 'দীঘির ঘাটে নতুন সিঁড়ি জাগে। এখানে সিঁড়ি জাগা' বলতে কী বোঝানো হয়েছে?
ক নতুন সিঁড়ি নির্মাণ
খ সিঁড়ি পরিষ্কার-পরিচ্ছন্ন করা
গ সিঁড়ি দৃশ্যমান হওয়া
ঘ অলৌকিকভাবে সিঁড়ি সৃষ্টি হওয়া

২৯. 'ঝর্ণা' কীসের রং ধারণ করে?
ক মখমলের খ ডালচিনির
গ টগর ফুলের ঘ জরির জালের

৩০. 'ঝর্ণার গান' কবিতায় প্রকাশ পেয়েছে—
i. নিরন্তর ছুটে চলা ii. বাধা না মানা
iii. পেছনের দিকে তাকানো
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৩১. 'পল্লিজননী' কবিতায় 'মহাকাল' অর্থে তুমি কী বোঝ?
ক মহা + কাল খ মহা যে কাল
গ অন্ধকার রাত ঘ দুঃসময়

৩২. সাহিত্যে অবদানের জন্য ফররুখ আহমদ কোন পুরস্কারে ভূষিত হন?
ক ম্যাগসাস খ কিং ফয়সাল
গ অলক্ত ঘ বাংলা একাডেমি

৩৩. 'নিশীথ রাত্রি' শব্দটির কথ্যরূপ হিসেবে কোনটি সমর্থনযোগ্য?
ক নিশিরাত খ নিশীথরাত
গ নিশিরাইত ঘ গহিন রাত

৩৪. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় হরিদাসীর সিঁথির সিঁদুর মুছে গেল কেন?
ক নদীর ভাঙনে
খ সড়ক দুর্ঘটনায়
গ স্বাধীনতাযুদ্ধে স্বামী শহিদ হওয়ায়
ঘ নাইতে গিয়ে সিঁথির সিঁদুর মুছে গেছে

৩৫. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় অনাথ কিশোরীর থালা শূন্য কেন?
ক তখনও পর্যন্ত সাহায্য জোটেনি
খ আরও সাহায্যের আশায় সে থালা শূন্য রাখে
গ হানাদারের হামলা-লুটপাটে দেশ রিক্ত-নিঃস্ব বলে
ঘ কিশোরীটি সাহায্যের আশায় পথে বসেছে

৩৬. 'চর্যাপদ' হলো—
ক বাংলা ভাষা ও সাহিত্যের প্রথম নির্দশন
খ প্রাচীন নাটক
গ প্রথম সার্থক উপন্যাস
ঘ একটি সংস্কৃত প্রবন্ধ

৩৭. 'সাহসী জননী বাংলা' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
ক হে মাটি পৃথিবীপুত্র
খ ধূলি ও সাগর দৃশ্য
গ পান্থশালার ঘোড়া
ঘ আপন মনের পাঠশালাতে

৩৮. বুধা কোথায় বঙ্গবন্ধুর ভাষণ শুনেছিল?
ক চেয়ারম্যানের বাড়িতে
খ বাজারে
গ হরিকাকুর কাছে
ঘ কানু দয়ালের রেডিওতে

৩৯. বুধার হাসিতে কীসের ফুল ফোটে?
ক তারার খ চাঁদের
গ মেঘের ঘ জ্যোৎস্নার

৪০. 'কাকতাড়ুয়া' উপন্যাসে উল্লিখিত কুদ্দুস কে?
ক হানাদার সৈন্য খ মুক্তিযোদ্ধা
গ রাজাকার ঘ বুধার বন্ধু

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com